রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ৮, ২০১৮

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৩ আশ্বিন, ১৪২৫/০৮ অক্টোবর, ২০১৮

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৩ আশ্বিন, ১৪২৫ মোতাবেক ০৮ অক্টোবর, ২০১৮ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

## ২০১৮ সনের ৫০ নং আইন

## পণ্য উৎপাদনশীল রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকগণের চাকরির শর্ত নির্ধারণকল্পে প্রণীত আইন

যেহেতু পণ্য উৎপাদনশীল রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকগণের চাকরির শর্ত নির্ধারণকল্পে গঠিত জাতীয় মজুরি ও উৎপাদনশীলতা কমিশন, ২০১৫ এর সুপারিশ বাস্তবায়নের নিমিত্ত আইন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।—(১) এই আইন পণ্য উৎপাদনশীল রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠান শ্রমিক (চাকরির শর্তাবলী) আইন, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(৩) এই আইন সমগ্র বাংলাদেশের পণ্য উৎপাদনশীল রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকগণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।



মোঃ শোহরাব হোসেন
সভাপতি
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন
কেন্দ্রীয় কর্মচারী ইউনিয়ন
রেজি নং-৬৭৮

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে—

(ক) "কমিশন" অর্থ ৮ অগ্রহায়ণ ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ২২ নভেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ তারিখে জারিকৃত রেজলিউশন নং-৪০.০০.০০০০.০১৬.৩১.০১.২০১৫-১২১-এর দ্বারা গঠিত জাতীয় মজুরি ও উৎপাদনশীলতা কমিশন, ২০১৫;

(খ) "নাইট শিফট" অর্থ প্রতিদিনের কাজ বিভিন্ন শিফটে সম্পন্ন করা হয়, এইরূপ রাষ্ট্রায়ত্ত শিল্পপ্রতিষ্ঠানের ক্ষেত্রে রাত্রি ১২ (বারো) টার পরে পরিচালিত কোনো শিফট;

(গ) "পণ্য উৎপাদনশীল রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠান" অর্থ সরকারের মালিকানাধীন, রাষ্ট্রায়ত্ত, সরকারে ন্যস্ত বা সরকার কর্তৃক পুনগ্রহণকৃত (taken over) পণ্য উৎপাদনশীল—

(অ) বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন,

(আ) বাংলাদেশ পাটকল কর্পোরেশন,

(ই) বাংলাদেশ টেক্সটাইল মিলস্ কর্পোরেশন,

(ঈ) বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন,

(উ) বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, এবং

(ঊ) বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন; এবং

(ঘ) "শ্রমিক" অর্থ শিক্ষাধীনসহ কোনো ব্যক্তি, তাহার চাকরির শর্তাবলী প্রকাশ্য বা উহ্য যে ভাবেই থাকুক না কেন, যিনি কোনো প্রতিষ্ঠানে বা শিল্পে সরাসরিভাবে বা কোনো ঠিকাদারের মাধ্যমে মজুরি বা অর্থের বিনিময়ে কোনো দক্ষ, অদক্ষ, কায়িক, কারিগরী, ব্যবসা উন্নয়নমূলক অথবা কেরানীগিরির কাজ করিবার জন্য নিযুক্ত হন, কিন্তু প্রধানত প্রশাসনিক বা ব্যবস্থাপনামূলক কাজে দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি ইহার অন্তর্ভুক্ত হইবেন না।

৩। কমিশনের কতিপয় সুপারিশ বিবেচনা করিয়া শ্রমিকের চাকরির শর্তাবলী নির্ধারণে সরকারের ক্ষমতা।—(১) আপাতত বলবৎ অন্য কোনো আইন, বিধি, প্রবিধান, উপ-আইন, চুক্তি, রোয়েদাদ, মীমাংসা, প্রথা, রীতি বা চাকরির শর্তাবলীতে যাহা কিছুই থাকুন না কেন, সরকার, কমিশনের কোনো সুপারিশ বিবেচনা করিয়া বাস্তবায়নের উদ্দেশ্যে সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, পণ্য উৎপাদনশীল রাষ্ট্রায়ত্ত শিল্পপ্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিককে প্রদেয় মজুরি, বাড়িভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, যাতায়াত ভাতা, ধোলাই ভাতা, উৎসব ভাতা, ছুটি নগদায়ন, কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড, টিফিন ভাতা, গ্র্যাচ্যুইটি, পাহাড়ি ভাতা, রোটেটিং শিফট ডিউটি ভাতা, নাইট শিফট ডিউটি ভাতা, নববর্ষ ভাতা, গ্রুপ ইস্যুরেন্স, শিক্ষাসহায়ক ভাতা, নারী শ্রমিকদের মাতৃত্বকালীন ছুটি ও অন্যান্য সুযোগ-সুবিধাদি নির্ধারণ করিতে পারিবে।

মোঃ খোরশেদ আলম
সভাপতি
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন
কেন্দ্রীয় কর্মচারী ইউনিয়ন
রেজি নং-৬৭৮

(২) উপ-ধারা (১) এ বর্ণিত সুবিধা ও ভাতাদি ব্যতীত অন্যান্য যে সকল সুবিধা ২০১২ সালের মজুরি কাঠামোতে (জাতীয় মজুরি ও উৎপাদনশীলতা কমিশন, ২০১০ এর সুপারিশের ভিত্তিতে প্রবর্তিত) প্রবর্তন করা হইয়াছিল তাহাও পূর্বের নিয়মে ও হারে বহাল থাকিবে তবে, পণ্য উৎপাদনশীলতা রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠানসমূহের কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কোনো শ্রমিককে উপরি-উক্তভাবে নির্ধারিত সুযোগ-সুবিধার অতিরিক্ত সুযোগ-সুবিধা প্রদান করিতে পারিবে না।

(৩) উপ-ধারা (১) এ বর্ণিত মজুরি বাড়িভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, যাতায়াত ভাতা, ধোলাই ভাতা, উৎসব ভাতা, ছুটি নগদায়ন, কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড, টিফিন ভাতা, গ্রাচ্যুইটি, পাহাড়ি ভাতা, রোটেটিং শিফট ডিউটি ভাতা, নববর্ষ ভাতা, নাইট শিফট ভাতা, গ্রুপ ইন্স্যুরেন্স, শিক্ষাসহায়ক ভাতা, নারী শ্রমিকদের মাতৃত্বকালীন ছুটি ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদানের নিমিত্ত পর্যায়ক্রমে ভূতাপেক্ষ কার্যকারিতা প্রদানের জন্য নিয়মাবলী সম্বলিত প্রজ্ঞাপন জারি করা যাইবে।

৪। **মজুরি ও সুযোগ সুবিধার ভূতাপেক্ষ কার্যকারিতা**।—ধারা ৩-এর অধীন নির্ধারিতব্য মজুরি ০১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ এবং ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধার নূতন হার ০১ জুলাই, ২০১৬ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৫। **কতিপয় চুক্তি, ইত্যাদি বাতিল**।—ধারা ৩-এর অধীন সরকার কর্তৃক নির্ধারিত কোনো সুযোগ-সুবিধা সম্পর্কে এই আইন প্রবর্তনের পূর্বে বা পরে সম্পাদিত চুক্তি, উপনীত মীমাংসা বা প্রদত্ত রোয়েদাদ উক্ত ধারার অধীনে নির্ধারিত কোনো কিছুর পরিপন্থি হইলে এইরূপ চুক্তি, মীমাংসা বা রোয়েদাদ বাতিল হইবে এবং উহা কোনোভাবেই বলবৎযোগ্য হইবে না।

৬। **বিধি প্রণয়নের ক্ষমতা**।—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

৭। **রহিতকরণ ও হেফাজত**।—(১) পণ্য উৎপাদনশীল রাষ্ট্রীয় শিল্পপ্রতিষ্ঠান শ্রমিক (চাকরির শর্তাবলি) আইন, ২০১২ (২০১২ সনের ২৪ নং-আইন) এবং উহার অধীন জারিকৃত বিধি যদি থাকে, ও প্রজ্ঞাপন অতঃপর উক্ত আইন, বিধি ও প্রজ্ঞাপন বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও উক্ত আইন, বিধি বা প্রজ্ঞাপন-এর অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

ড. মোঃ আবদুর রব হাওলাদার
সিনিয়র সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

মোঃ খোরশেদ আলম
সভাপতি
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন
কেন্দ্রীয় কর্মচারী ইউনিয়ন
রেজি নং-৬৭৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
অধিশাখা-৬
www.mole.gov.bd

০৭ কার্তিক ১৪২৫

নং ৪০.০০.০০০০.০১৬.৩১.০১৬.১৮-৫৭ তারিখঃ ---------------------

২২ অক্টোবর ২০১৮

প্রেরকঃ শাকিলা জেরিন আহমেদ
যুগ্মসচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

প্রাপকঃ (১) সিনিয়র সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
(২) সচিব, শিল্প মন্ত্রণালয়
(৩) সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ০২ জুলাই ২০১৮ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে রাষ্ট্রায়ত্ত শিল্প কারখানাসমূহের শ্রমিকদের মজুরি কাঠামো নির্ধারণের লক্ষ্যে গঠিত 'জাতীয় মজুরি ও উৎপাদনশীলতা কমিশন-২০১৫'-এর সুপারিশ এবং অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের মতামতের ভিত্তিতে প্রস্তাবিত "জাতীয় মজুরি স্কেল, ২০১৫" যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে সামগ্রিক সম্পদ পরিস্থিতি এবং সংশ্লিষ্ট শিল্প কারখানাসমূহের আর্থিক সামর্থ বিবেচনা করে সরকার জাতীয় মজুরি স্কেল ০১-০৭-২০১ তারিখ হতে এবং ভাতা/প্রান্তিক সুবিধাসমূহ ০১-০৭-২০১৬ তারিখ হতে কার্যকর করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। জাতীয় মজুরি স্কে ২০১ এবং জাতীয় মজুরি স্কেল, ২০১৫ ও বেতন/প্রান্তিক সুবিধাসমূহ নিম্নে উল্লেখ করা হলঃ

২। বেতন/মজুরি স্কেলঃ

| ক্রম | জাতীয় মজুরি স্কেল, ২০১০ | জাতীয় মজুরি স্কেল, ২০১৫ |
|---|---|---|
| ১. | ৪১৫০-১৩৫×৭-৫০৯৫-ইবি-১৪৫×১১-৬৬৯০ | টাকা ৮৩০০-৮৭২০-৯১৬০-৯৬২০-১০১১০-১০৬২০-১১১৬০-১১৭২০-১২৩১০-১২৯৩০-১৩৫৮০-১৪২৬০-১৪৯৮০-১৫৭৩০-১৬৫২০-১৭৩৫০-১৮২২০-১৯১৪০ |
| ২. | ৪২০০-১৫০×৭-৫২৫০-ইবি-১৬০×১১-৭০১০ | টাকা ৮৪০০-৮৮২০-৯২৭০-৯৭৪০-১০২৩০-১০৭৫০-১১২৯০-১১৮৬০-১২৪৬০-১৩০৯০-১৩৭৫০-১৪৪৪০-১৫১৭০-১৫৯৩০-১৬৭৩০-১৭৫৭০-১৮৪৫০-১৯৩৮০ |
| ৩. | ৪২৭৫-১৬৫×৭-৫৪৩০-ইবি-১৭৫×১১-৭৩৫৫ | টাকা ৮৫৫০-৮৯৮০-৯৪৩০-৯৯১০-১০৪১০-১০৯৪০-১১৪৯০-১২০৭০-১২৬৮০-১৩৩২০-১৩৯৯০-১৪৬৯০-১৫৪৩০-১৬২১০-১৭০৩০-১৭৮৯০-১৮৭৯০-১৯৭৩০ |
| ৪. | ৪৩৫০-১৮০×৭-৫৬১০-ইবি-১৯০×১১-৭৭০০ | টাকা ৮৭০০-৯১৪০-৯৬০০-১০০৮০-১০৫৯০-১১১২০-১১৬৮০-১২২৭০-১২৮৯০-১৩৫৪০-১৪২২০-১৪৯৪০-১৫৬৯০-১৬৪৮০-১৭৩১০-১৮১৮০-১৯০৯০-২০০৫০ |
| ৫. | ৪৪২৫-১৯৫×৭-৫৭৯০-ইবি-২০৫×১১-৮০৪৫ | টাকা ৮৮৫০-৯৩০০-৯৭৭০-১০২৬০-১০৭৮০-১১৩২০-১১৮৯০-১২৪৯০-১৩১২০-১৩৭৮০-১৪৪৭০-১৫২০০-১৫৯৬০-১৬৭৬০-১৭৬০০-১৮৪৮০-১৯৪১০-২০৩৯০ |
| ৬. | ৪৫০০-২১০×৭-৫৯৭০-ইবি-২২০×১১-৮৩৯০ | টাকা ৯০০০-৯৪৫০-৯৯৩০-১০৪৩০-১০৯৬০-১১৫১০-১২০৯০-১২৭০০-১৩৩৪০-১৪০১০-১৪৭২০-১৫৪৬০-১৬২৪০-১৭০৬০-১৭৯২০-১৮৮২০-১৯৭৭০-২০৭৬০ |
| ৭. | ৪৫৭৫-২২৫×৭-৬১৫০-ইবি-২৩৫×১১-৮৭৩৫ | টাকা ৯১৫০-৯৬১০-১০১০০-১০৬১০-১১১৫০-১১৭১০-১২৩০০-১২৯২০-১৩৫৭০-১৪২৫০-১৪৯৭০-১৫৭২০-১৬৫১০-১৭৩৪০-১৮২১০-১৯১৩০-২০০৯০-২১১০০ |
| ৮. | ৪৬৫০-২৪০×৭-৬৩৩০-ইবি-২৫০×১১-৯০৮০ | টাকা ৯৩০০-৯৭৭০-১০২৬০-১০৭৮০-১১৩২০-১১৮৯০-১২৪৯০-১৩১২০-১৩৭৮০-১৪৪৭০-১৫২০০-১৫৯৬০-১৬৭৬০-১৭৬০০-১৮৪৮০-১৯৪১০-২০৩৯০-২১৪১০ |

| | | |
|---|---|---|
| ৯. | ৪৭২৫-২৫৫×৭-৬৫১০-ইবি-২৬৫×১১-৯৪২৫ | টাকা ৯৪৫০-৯৯৩০-১০৪৩০-১০৯৬০-১১৫১০-১২০৯০-১২৭০০-১৩৩৪০-১৪০১০-১৪৭২০-১৫৪৬০-১৬২৪০-১৭০৬০-১৭৯২০-১৮৮২০-১৯৭৭০-২০৭৬০-২১৮০০ |
| ১০. | ৪৮০০-২৭০×৭-৬৬৯০-ইবি-২৮০×১১-৯৭৭০ | টাকা ৯৬০০-১০০৮০-১০৫৯০-১১১২০-১১৬৮০-১২২৭০-১২৮৯০-১৩৫৪০-১৪২২০-১৪৯৪০-১৫৬৯০-১৬৪৮০-১৭৩১০-১৮১৮০-১৯০৯০-২০০৫০-২১০৬০-২২১২০ |
| ১১. | ৪৮৭৫-২৮৫×৭-৬৮৭০-ইবি-২৯৫×১১-১০১১৫ | টাকা ৯৭৫০-১০২৪০-১০৭৬০-১১৩০০-১১৮৭০-১২৪৭০-১৩১০০-১৩৭৬০-১৪৪৫০-১৫১৮০-১৫৯৪০-১৬৭৪০-১৭৫৮০-১৮৪৬০-১৯৩৯০-২০৩৬০-২১৩৮০-২২৪৫০ |
| ১২. | ৪৯৫০-৩০০×৭-৭০৫০-ইবি-৩১০×১১-১০৪৬০ | টাকা ৯৯০০-১০৪০০-১০৯২০-১১৪৭০-১২০৫০-১২৬৬০-১৩৩০০-১৩৯৭০-১৪৬৭০-১৫৪১০-১৬১৯০-১৭০০০-১৭৮৫০-১৮৭৫০-১৯৬৯০-২০৬৮০-২১৭২০-২২৮১০ |
| ১৩. | ৫০২৫-৩১৫×৭-৭২৩০-ইবি-৩২৫×১১-১০৮০৫ | টাকা ১০০৫০-১০৫৬০-১১০৯০-১১৬৫০-১২২৪০-১২৮৬০-১৩৫১০-১৪১৯০-১৪৯০০-১৫৬৫০-১৬৪৪০-১৭২৭০-১৮১৪০-১৯০৫০-২০০১০-২১০২০-২২০৮০-২৩১৯০ |
| ১৪ | ৫১০০-৩৩০×৭-৭৪১০-ইবি-৩৪০×১১-১১১৫০ | টাকা ১০২০০-১০৭১০-১১২৫০-১১৮২০-১২৪২০-১৩০৫০-১৩৭১০-১৪৪০০-১৫১২০-১৫৮৮০-১৬৬৮০-১৭৫২০-১৮৪০০-১৯৩২০-২০২৯০-২১৩১০-২২৩৮০-২৩৫০০ |
| ১৫. | ৫১৭৫-৩৪৫×৭-৭৫৯০-ইবি-৩৫৫×১১-১১৪৯৫ | টাকা ১০৩৫০-১০৮৭০-১১৪২০-১২০০০-১২৬০০-১৩২৩০-১৩৯০০-১৪৬০০-১৫৩৩০-১৬১০০-১৬৯১০-১৭৭৬০-১৮৬৫০-১৯৫৯০-২০৫৭০-২১৬০০-২২৬৮০-২৩৮২০ |
| ১৬. | ৫৬০০-৩৬০×৭-৮১২০-ইবি-৩৭০×১১-১২১৯০ | টাকা ১১২০০-১১৭৬০-১২৩৫০-১২৯৭০-১৩৬২০-১৪৩১০-১৫০৩০-১৫৭৯০-১৬৫৮০-১৭৪১০-১৮২৯০-১৯২১০-২০১৮০-২১১৯০-২২২৫০-২৩৩৭০-২৪৫৪০-২৫৭৭০ |

৩। ভাতা/প্রান্তিক সুবিধাদি নিম্নোক্তভাবে নির্ধারিত হবে।

| | | |
|---|---|---|
| ১। | বাড়িভাড়া | এলাকা নির্বিশেষে মাসিক মূল মজুরির ৫০% হারে বাড়িভাড়া ভাতা প্রদেয় হবে। তবে প্রতিষ্ঠান/সরকার কর্তৃক পরিবারের জন্য আবাসনের সংস্থান করা হলে বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হবে না। |
| ২। | যাতায়াত ভাতা | মাসিক ২০০/- টাকা হারে। |
| ৩। | চিকিৎসা ভাতা | মাসিক ১৫০০/-টাকা হারে। |
| ৪। | শিক্ষা সহায়ক ভাতা | মাসিক ৫০০/- টাকা এক সন্তানের জন্য এবং ১০০০/- টাকা দুই সন্তানের জন্য। |
| ৫। | টিফিন ভাতা | প্রতি মাসে ২০০/- টাকা হারে। |
| ৬। | ধোলাই ভাতা | মাসিক ১০০/-টাকা হারে। |
| ৭। | নাইট শিফট ডিউটি ভাতা | প্রতি রাতে ঘন্টা প্রতি ১৫/- টাকা হারে সর্বোচ্চ ৮ ঘন্টা। |
| ৮। | ঝুঁকি ভাতা | প্রতি মাসে ৪০০/- টাকা হারে। তবে শর্ত থাকে যে, কোন শ্রমিক যদি অন্য কোন উৎস হতে একই ধরনের ঝুঁকি ভাতা গ্রহণ করে থাকেন, সেক্ষেত্রে তাদের জন্য এ ভাতা প্রযোজ্য হবে না। |
| ৯। | গ্র্যাচুইটি | প্রতি বছরের জন্য ২ মাসের মূল বেতনের সমপরিমাণ |
| ১০। | পাহাড়ি ভাতা | মূল বেতনের ৩০%, প্রতিমাসে সর্বোচ্চ ৩০০০/- টাকা। |
| ১১। | ছুটি নগদায়ন | মজুরিসহ বাৎসরিক ছুটি (অর্জিত ছুটি) এর ৫০% নগদিকরণের সুবিধা প্রদান বা শ্রমিকদের সকল অব্যয়িত অর্জিত ছুটি তার হিসাবে জমা রেখে সর্বশেষ আহরিত মূল মজুরির ভিত্তিতে প্রাপ্যতাসাপেক্ষে ১৮ (আঠারো) মাস পর্যন্ত (জাতীয় বেতন স্কেলের ন্যায়) ছুটি নগদায়নের সুবিধা প্রদান। |
| ১২। | রোটেটিং শিফট | মূল বেতনের ১০%, প্রতি মাসে সর্বোচ্চ ৩০০/- টাকা। |

| | | |
|---|---|---|
| ১৪। | কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড | মূল বেতনের ১০% |
| ১৫। | গ্রুপ ইন্স্যুরেন্স | ইতোপূর্বেকার সুবিধা বহাল থাকবে (শুধুমাত্র কর্মরত শ্রমিকের মৃত্যুবরণের ক্ষেত্রে) |
| ১৬। | নববর্ষ ভাতা | সকল শ্রমিককে প্রতি বছর মার্চ মাসে আহরিত মূল মজুরির ২০% হারে বাংলা নববর্ষ ভাতা প্রদান। |
| ১৭। | নারী শ্রমিকদের মাতৃত্বকালীন ছুটি | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়- এর অফিস স্মারকনং-০৭.১২৮.০০.৩৬.০০.০২৬.২০১০-৪৪ তাং- ১৭/৪/১১ এর নির্দেশনা মোতাবেক স্বায়ত্তশাসিত সংস্থা এবং সংস্থাধীন প্রতিষ্ঠানসমূহে কর্মরত নারী কর্মকর্তা/কর্মচারীদের ন্যায় কারখানায় কর্মরত নারী শ্রমিকদের মাতৃত্বকালীন ছুটি ৬ (ছয়) মাস প্রদান। |
| ১৮। | অন্যান্য সুযোগ সুবিধাদি | বিদ্যমান অন্যান্য সুবিধাদি বহাল থাকবে। |

**৪। বাস্তবায়ন পদ্ধতিঃ**

(ক) ০১-০৭-২০১৫ খ্রি. তারিখ হতে মজুরি-স্কেল, ২০১৫ এবং ০১-০৭-২০১৬ খ্রি. তারিখ হতে ভাতাদি কার্যকর হবে।

(খ) মজুরি-স্কেল কার্যকর হওয়ার তারিখ হতে মহার্ঘভাতা বিলুপ্ত হয়েছে বলে গণ্য হবে এবং ১ জুলাই ২০১৫ তারিখ হতে ইতোমধ্যে আহরিত মহার্ঘভাতা প্রাপ্য বকেয়া মজুরির সাথে সমন্বয় করতে হবে; এবং

(গ) এ বাবদ বর্ধিত বকেয়া মজুরি ও অন্যান্য ভাতা/প্রান্তিক সুবিধা সমান ২ (দুই) কিস্তিতে (২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ অর্থ বছরে) প্রদান করতে হবে।

**৫। মজুরি নির্ধারণ পদ্ধতিঃ**

জাতীয়বেতন-স্কেল, ২০১৫ (সরকারি-বেসামরিক) এর অনুচ্ছেদ ৫ (ক) (খ)-এর পদ্ধতি অনুসরণপূর্বক মজুরি-স্কেল, ২০১৫ এর মজুরি নির্ধারণ করতে হবে।

৬। জাতীয় মজুরি স্কেল, ২০১৫ কার্যকর করার লক্ষ্যে 'পণ্য উৎপাদনশীল রাষ্ট্রায়ত্ত শিল্পপ্রতিষ্ঠান শ্রমিক (চাকরির শর্তাবলী) আইন, ২০১৮' জারি করা হয়েছে। উক্ত আইনের সংশ্লিষ্ট ধারার ক্ষমতাবলে প্রজ্ঞাপন জারির মাধ্যমে "জাতীয় মজুরি স্কেল, ২০১৫" ও তৎসংক্রান্ত অন্যান্য সিদ্ধান্তাবলী বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তঃ 'পণ্য উৎপাদনশীল রাষ্ট্রায়ত্ত শিল্পপ্রতিষ্ঠান শ্রমিক (চাকরির শর্তাবলী) আইন, ২০১৮'-এর কপি।

আপনার অনুগত,

২২/১০/২০১৮

শাকিলা জেরিন আহমেদ
যুগ্মসচিব (মজুরি)
ফোন নং ৯৫৭৫৬০০
section6@molc.gov.bd

নং ৪০.০০.০০০০.০১৬.৩১.০১৬.১৮-৫৭

তারিখঃ ০৭ কার্তিক ১৪২৫ / ২২ অক্টোবর ২০১৮

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও,ঢাকা।
৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৪। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ২৩-২৪ কাওরান বাজার, ঢাকা।
৫। মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, শ্রম ভবন, ৪ রাজউক এভিনিউ, ঢাকা।
৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৭। সচিব এর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

শাকিলা জেরিন আহমেদ
যুগ্মসচিব (মজুরি)